বিশেষ অভিযানে মেহেরপুর জেলা বিএনপির ১২ নেতাকর্মী আটক

বিভিন্ন অভিযোগে বিশেষ অভিযানে মেহেরপুরের ৩ উপজেলা থেকে বিএনপির ১২ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।এরমধ্যে মেহেরপুর সদর উপজেলা থেকে ৫ জন, গাংনী উপজেলা থেকে ৪ জন ও মুজিবনগর উপজেলা থেকে ৩ জনকে আটক করা হয়েছে বলে জেলা পুলিশের একটি সুত্র নিশ্চিত করেছে।

গতকাল সোমবার (৩০ অক্টোবর) সন্ধ্যা থেকে রাত ১১ টা পর্যন্ত অভিযান চালিয়ে জেলার বিভিন্ন স্থান থেকে তাদেরকে আটক করা। অভিযান চলমান থাকায় মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোন বক্তব্য দেয়া হয়নি। তবে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ অভিযোগ করেছেন সন্ধ্যা থেকে রাত এগারোটা পর্যন্ত তার দলের মোট ২২ জন নেতাকর্মীকে আটক করা হয়েছে।

পুলিশের সূত্র থেকে নিশ্চিত হওয়া আটককৃত ১২ জন হলেন, জেলা মুক্তিযোদ্ধা দলের সভাপতি রায়হানুল কবীর, মেহেরপুর জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো, সদর উপজেলা যুবদলের যুগ্ম -আহ্বায়ক আব্দুল আজীজ রাজু, মোনাখালী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি টুটুল, জেলা যুবদলের সদস্য তুষার, মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সভাপতি রমজান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি নেতা আলাউদ্দিন, জেলা বিএনপির সমবায় বিষয়ক সম্পাদক সাবর আলী, আমদহ ইউনিয়ন বিএনপি নেতা মিলন হালসোনা, বুড়িপোতা ইউনিয়ন ওয়ার্ড বিএনপি নেতা আমিরুল ইসলাম, সহারবাটি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আসমাউল হক ও গাংনী পৌরসভা ৬নং ওয়ার্ড যুবদলের সভাপতি মানিক।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলান একটি মামলা ও অভিযানের ব্যাপারে নিশ্চিত করলেও অভিযান চলমান থাকায় কোন আনুষ্ঠানিক বক্তব্য দিতে রাজি হননি।